



‘অভিযাত্রিক’-এর একটি দৃশ্য

সত্যজিৎ রায়ের জন্ম শতবর্ষ উপলক্ষে প্রকাশ্যে এল ‘অভিযাত্রিক’-এর অফিসিয়াল ট্রেলার

১ মিনিটে পড়ুন . Updated: 02 May 2021, 12:23 PM IST

লেখক Tulika Samadder

বাবা-ছেলের সম্পর্কের স্নিহতা এবং মায়া ফুটে উঠেছে ট্রেলারে। ছেলে কাজলকে নিয়ে দেশ-বিদেশে ঘুরছেন অপু। সঙ্গী, বন্ধু শঙ্কর।

Topics

Avijatrik arjun chakraborty 100th birth anniversary of satyajit roy
satyajit ray

১৯৫৬ সালের পরে আবারও বাঙালির প্রিয় অপুকে দেখা যাবে পর্দায়। অর্থাৎ, ৬০ বছর পরে বড় পর্দায় আসতে চলেছে অপু। ঠিক যেখানে ‘অপুর সংসার’ দিয়ে ‘অপু ট্রিলজি’ শেষ হয়েছিল, সেখান থেকে পরিচালক শুভ্রজিৎ মিত্র শুরু করেছেন ‘অভিযাত্রিক’। আজ সত্যজিৎ রায়ের জন্মদিনে বিশেষ শ্রদ্ধা জানাতে ছবির অফিসিয়াল ট্রেলার প্রকাশ্যে আনলেন নির্মাতারা।

অভিনেতা অর্জুন চক্রবর্তী সোশ্যাল মিডিয়ায় ছবির ট্রেলার শেয়ার করে লিখেছেন, 'তাঁর সকল সৃষ্টির মধ্যে দিয়ে তিনি চির অমর। সত্যজিৎ রায়ের জন্মশতবার্ষিকীতে আমাদের শ্রদ্ধার্থ্য।' ছবিতে অপূর চরিত্রে অভিনয় করেছেন অর্জুন চক্রবর্তী। অপূর স্ত্রী অপর্ণার চরিত্রে দিতিপ্রিয়া। অপূর বন্ধু শঙ্করের ভূমিকায় সব্যসাচী চক্রবর্তী। এছাড়া অর্পিতা চট্টোপাধ্যায়কে লীলা, শ্রীলেখা মিত্রকে রানুর চরিত্রে দেখা যাবে। থাকছে অপূর ছেলে কাজলের চরিত্রটিও। বাবা-ছেলের সম্পর্কের স্নিগ্ধতা এবং মায়া ফুটে উঠেছে ট্রেলারে। ছেলে কাজলকে নিয়ে দেশ-বিদেশে ঘুরছেন অপূ। সঙ্গী, বন্ধু শঙ্কর।

শুভ্রজিৎ মিত্রের পরিচালনায় 'অভিযাত্রিক' ছবিটি এখনও মুক্তি না পেলেও ইতিমধ্যেই বিভিন্ন চলচ্চিত্র উৎসবে প্রশংসিত হয়েছে। ২৬ তম 'কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'-এ ইতিমধ্যেই প্রশংসা কুড়িয়েছে ছবিটি। গোয়ায় '৫১ তম আইএফএফআই' তেও দেখানো হয়েছে 'অভিযাত্রিক'। ছবি গিয়েছে আন্তর্জাতিক মঞ্চেও। ২৪ তম সাংঘাই চলচ্চিত্র উৎসব ও ৩৮ তম মিয়ামি ফিল্ম ফেস্টিভ্যালে মনোনীত হয়েছে বাংলা ছবি 'অভিযাত্রিক'।

<https://youtu.be/O5CZgJ1lm5k>

সত্যজিৎ রায়ের পরিচালিত অপূ ট্রিলোজির আগের তিনটি ছবির কথা মাথায় রেখেই এই ছবিও হয়েছে সাদা কালোতে। পরিচালক শুভ্রজিৎ মিত্র এক সাক্ষাৎকারে জানান "বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের উপন্যাস 'অপরাজিত'র শেষ ১৫০ পাতার যেভাবে গল্প পরিপূর্ণতা পায় সেই গল্পই আমি তুলে ধরেছি আমার এই ছবিতে। পিরিয়ড ফিল্ম হওয়ার কারণ বিস্তর রিসার্চ করতে হয়েছে ঠিকি এবং তার ছাপ যে আমরা ছবিতে রাখতে পেরেছি সেটাই আমার কাছে বড় প্রাপ্তি।"

অপূর ভূমিকায় অভিনয়ের সুযোগ পেয়ে নস্টালজিক অর্জুনও। জানান, 'এই ছবিতে কাজ করতে পেরে আমি সত্যি আনন্দিত। এই ছবির রিসার্চ এবং স্ক্রিপ্টিং অপূকে যেন আরও জীবন্ত করে তুলেছে এই ছবিতে। এই চরিত্র যে কোনও অভিনেতার কাছে লোভনীয়। আমি লাকি যে এই চরিত্রের জন্য আমাকে বেছে নেওয়া হয়েছে।'

<https://bangla.hindustantimes.com/entertainment/avijatrik-official-trailer-on-the-eve-of-satyajit-ray-100th-birthday-31619936940722.html>